তারিখ [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

দৈনিক আমাদের সময়

# এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু ২ ফেব্রুয়ারি

নিজস্ব প্রতিবেদক ●

২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়েছে। ৮টি সাধারণ বোর্ডের এসএসসি, মাদ্রাসা বোর্ডের দাখিল ও কারিগরি বোর্ডের ভোকেশনাল পরীক্ষা শুরু হবে আগামী ২ ফেব্রুয়ারি।

গতকাল ঢাকা বোর্ডের ওয়েবসাইটে এই পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়েছে। আন্তঃশিক্ষা বোর্ডের → এরপর পৃষ্ঠা ৬, কলাম ৪

## এসএসসি ও সমমানের

(শেষ পৃষ্ঠার পর) দায়িত্ব পালন করে ঢাকা শিক্ষা বোর্ড।

বার্ষিক সূচি অনুযায়ী কেন ১ ফেব্রুয়ারি পরীক্ষা শুরু হচ্ছে না জানতে চাইলে বোর্ডের এক কর্মকর্তা জানান, সরস্বতী পূজার কারণে ১ ফেব্রুয়ারি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। এজন্য এ বছর ২ ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে।

প্রকাশিত সময়সূচি অনুযায়ী, ২ ফেব্রুয়ারি থেকে ২ মার্চ পর্যন্ত আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসির তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৪ মার্চ সংগীতের ব্যবহারিক পরীক্ষা এবং ৫ থেকে ১১ মার্চের মধ্যে বেসিক ট্রেডসহ এসএসসির সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা নেওয়ার কথা বলা হয়েছে।

অন্যান্য বছরের মতো এবারও সকাল ১০টা থেকে দুপুর ১টা এবং বিকাল ২টা থেকে ৫টা পর্যন্ত নেওয়া হবে।